যুগান্তর

তারিখ 26 FEB 2009
পৃষ্ঠা ১৬ ... ৩

# ঢাবির দুটি হলের ছাত্রীদের সরিয়ে নেয়া হয়েছে : পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বিডিআর সদর দফতরের গোলযোগের ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুটি হলের ছাত্রীদের জরুরি ভিত্তিতে অন্য ৩টি হলে স্থানান্তর করা হয়। বিশ্ববিদ্যালয়ের আজকের সব পরীক্ষা স্থগিত ও সার্বিক পরিস্থিতি পর্যালোচনায় উপ-উপাচার্যকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। বুধবার বিকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে নবাব নওয়াব আলী সিনেট ভবনে অনুষ্ঠিত জরুরি প্রভোস্ট কমিটির সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পশ্চিম পাড়ায় অবস্থিত বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল ও বেগম ফজিলাতুন্নেসা মুজিব হলের ছাত্রীদের সার্বিক নিরাপত্তার কথা বিবেচনা করে তাদের স্থানান্তর করার সিদ্ধান্ত নেয় প্রভোস্ট কমিটি। সভার সিদ্ধান্ত অনুযায়ী ওই দুটি হল খালি করা হয়। হলের ছাত্রীদের মধ্যে ৮ শতাধিক ছাত্রীকে নিরাপদ আশ্রয় হিসেবে বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হল, রোকেয়া হল ও নবাব ফয়েজুন্নেসা চৌধুরানী ছাত্রী-নিবাসে স্থানান্তর করা হয়। এছাড়া শতাধিক ছাত্রী সন্ধ্যার আগেই তাদের আত্মীয়স্বজনের বাসায় চলে [illegible] সংশ্লিষ্ট সূত্র।

ঢাবি : পৃষ্ঠা ১৫ : কলাম ২

## ঢাবি : ছাত্রী

(১৬ পৃষ্ঠার পর)

প্রভোস্ট কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আজ (বৃহস্পতিবার) অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও কার্জন হল পরীক্ষা কেন্দ্রের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। এসব পরীক্ষার সময়সূচি পরে জানানো হবে।

একই সঙ্গে ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করতে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক হারুন অর রশিদকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর সদস্যরা হলেন— রোকেয়া হলের প্রভোস্ট ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক লায়লা নূর, শামসুন্নাহার হলের প্রভোস্ট অধ্যাপক ইউএবি রাজিয়া আক্তার বানু, অমর একুশে হলের প্রভোস্ট অধ্যাপক আবদুল মালেক ও নবাব ফয়েজুন্নেসা চৌধুরানী ছাত্রী নিবাসের ওয়ার্ডেন অধ্যাপক মমতাজ বেগম।

বিডিআর জওয়ানদের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতের পর ক্যাম্পাসের পরিস্থিতি শান্ত হতে থাকে। রাতে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও পরিস্থিতি পর্যালোচনা কমিটির আহ্বায়ক অধ্যাপক হারুন অর রশিদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি যুগান্তরকে বলেন, উদ্ভূত পরিস্থিতি পর্যালোচনা করে তারা ছাত্রীদের নিরাপত্তার বিষয়কে প্রাধান্য দিয়েছিলেন। তাই ৮ শতাধিক ছাত্রীকে বিকাল ৫টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টার মধ্যে অন্য ৩টি হলে স্থানান্তর করেছেন। প্রধানমন্ত্রীর সঙ্গে বিডিআরের আলাপ-আলোচনার মাধ্যমে একটি ফলপ্রসূ সমাধানের পথ বেরিয়ে আসায় তারা পরবর্তী করণীয় নির্ধারণে আবারও আলোচনায় বসবেন। তিনি আশা প্রকাশ করে বলেন, পরিস্থিতি শান্ত থাকলে আজ (বৃহস্পতিবার) ওই দুটি হলের ছাত্রীদের আবার তাদের হলে ফিরিয়ে নেয়া হবে।

### এসএসসি পরীক্ষা হবে

এসএসসির নির্ধারিত আজকের সব পরীক্ষা অনুষ্ঠিত হবে। বুধবার রাতে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোবাইল ফোনে একথা জানান। তিনি বলেন, পিলখানার ভেতরে এসএসসি পরীক্ষার কোন কেন্দ্র নেই। আজিমপুর ও ধানমণ্ডি এলাকায় বুধবারের সব পরীক্ষায় পরীক্ষার্থীরা অংশ নিতে পেরেছে। তিনি আশা করেন, আজকের পরীক্ষায়ও সবাই অংশ নেবে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, পিলখানার ভেতরে পরীক্ষার্থী রয়েছে কিনা তা তারা জানেন না। তবে থাকলেও তারা পরীক্ষায় অংশ নিতে পারছে কিনা তা লক্ষ্য রাখবেন।